মেহেরপুরে বাল্যবিবাহ বন্ধ করলেন উপজেলা নির্বাহী অফিসার

পুরোদমে চলছে বিয়ের আয়োজন, রান্নার কাজ প্রায় শেষ, বরযাত্রী কেবল আসতে দেরি, বরযাত্রী আসার আগেই চলছে রং মাখামাখি এরই মাঝে উপস্থিত হলেন সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ খায়রুল ইসলাম। কারণ অন্য কিছু নয়, সবেমাত্র ষষ্ঠ শ্রেণির ছাত্রী, তাই বাদ সাধলেন বিয়ের আয়োজন বন্ধ করতে উপজেলা সমাজসেবা কর্মকর্তা আনিসুর রহমানসহ অন্যান্য অধিদপ্তরের কর্মকর্তারা।

শহরে পুরাতন বাস স্ট্যান্ড পাড়ার মফিজুল ইসলামের মেয়ে ও মেহেরপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের ষষ্ঠ শ্রেণির ছাত্রীর সাথে স্টেডিয়াম পাড়ার মহাসিন আলীর ছেলে গার্মেন্টস কর্মীর বিয়ে।

গতকাল মঙ্গলবার দুপুরের দিকে বিয়ের আয়োজন প্রায় সম্পন্ন, শুধু বর আসতে বাকি ছিল। ততক্ষণে খবর পৌঁছে যায় উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ খায়রুল ইসলামের কানে, তিনি কাল বিলম্ব না করে সহকর্মীসহ অন্য অধিদপ্তরের কর্মকর্তা, সঙ্গে পুলিশ সদস্যদের নিয়ে হাজির হলেন বিয়ে বাড়িতে। মুহূর্তের মধ্যে বিয়ে বাড়ির চিত্রটা পাল্টে যায়। ততক্ষণে বিয়ে বাড়িতেও জমে গেছে শতাধিক উৎসুক মানুষ।

উপজেলা নির্বাহী অফিসার এ সময় বাল্য বিয়ের কুফল সম্পর্কে অভিভাবকদের জানানোর পর তারাও বিয়ে বন্ধ করতে সম্মত হন। এবং মুচলেকা নিয়ে বিয়েটি শেষ পর্যন্ত বন্ধ করে দেন।

আলমডাঙ্গার কেন্দ্রীয় শহীদ মিনারে সীমানা প্রাচীর নির্মাণ পরিদর্শনে উপজেলা নির্বাহী

অফিসার

দীর্ঘদিন আন্দোলন ফলে সম্প্রতি আলমডাঙ্গা কেন্দ্রীয় শহীদ মিনার প্রাঙ্গণে সীমানা প্রাচীর নির্মাণ শুরু করেছে। এই প্রাচীর নির্মাণ ও শহীদ মিনারের বেদখলকৃত জমি উদ্ধারে ছাত্র-জনতা ঐক্যবদ্ধ হয়ে আন্দোলন করেছে।

যার ফলস্বরূপ সরকার এই বেদখলকৃত জমির পুনঃরুদ্ধার ও সীমানা প্রাচীর নির্মাণ কাজ বাস্তবায়ন শুরু হয়েছে।প্রথমে সিদ্ধান্ত হয়েছিল সীমানা প্রাচীর ৭ ফুট উচুঁ দেয়াল দিয়ে ঘেরা হবে। ৭ ফুট উচু দেওয়াল তৈরি হলে লোকচক্ষুর আড়ালে অনেক অনৈতিক কর্মকান্ড কর্মকাণ্ড সংগঠিত হতে পারে, এই আশংকার সিদ্ধান্ত পরিবর্তন করা হয়। সীমানা প্রাচীর ৩ ফুট উচু দেওয়াল ও তার উপর ৪ ফিট রডের গ্রীল দিয়ে ঘেরা হবে।

সচেতন মহলের অনেকের ধারনা শহীদ মিনারের মত শ্রদ্ধা প্রদর্শনের স্থাপনাগুলো সাধারণতঃ সহজ দৃশ্যমান করা হয়ে থাকে। স্থাপনা চত্ত্বরটি যদি ৭ ফুট বাউন্ডারি ওয়াল দিয়ে ঘেরা হয় তাহলে এটি নানান অসামাজিক কার্যকলাপের কেন্দ্রস্থল হয়ে উঠতে পারে।তাই বাউন্ডারি ওয়ালটিকে ৭ ফুট দেয়ালের পরিবর্তে ৩ ফুট দেয়াল ও দেয়ালের উপরিস্থ অংশে ৪ ফুট এমএস বার/রডের গ্রীল দিয়ে করার জন্য গতকাল ইউএনও সাহেব বরাবর আবেদন করেন। ইহাতে নিরাপদ সীমানা প্রাচীর নির্মাণের পাশাপাশি এলাকার সৌন্দর্যবৃদ্ধি এবং অসামাজিক কার্যকলাপের স্থান হওয়া থেকেও স্থাপনাটি রক্ষা পেতে পারে।

গতকালের আবেদনের পরিপ্রেক্ষিতে আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার শেখ মেহেদী ইসলাম সরেজমিনে স্থাপনাটি পরিদর্শন করেন। বিষয়টি যৌক্তিক বিবেচনায় পরিবর্তনের জন্য সর্বাত্মক চেষ্টার প্রতিশ্রুতি দেন এবং সে পর্যন্ত নির্মাণ কাজ বন্ধ রাখার নির্দেশ দেন।

জীবননগরে নবাগত উপজেলা

নির্বাহী অফিসারের সাথে

সাংবাদিকদের মত বিনিময় সভা

জীবননগরে নবাগত উপজেলা নির্বাহী অফিসার হাসিনা মমতাজের সাথে জীবননগরের কর্মরত সকল সাংবাদিকদের এক মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়।

আজ বৃহস্পতিবার বেলা ১২:৩০ মিনিটে সময় উপজেলা নির্বাহী অফিসারের আমন্ত্রণ নির্বাহী অফিসারের সভাকক্ষে এই মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

সবাই নবাগত উপজেলা নির্বাহী অফিসার হাসিনা মমতাজ সাংবাদিকদের কাছে এই উপজেলার উন্নয়নে সার্বিক সহযোগিতা কামনা করেন। সাংবাদিক গণ উপজেলা নির্বাহী অফিসার কে এই উপজেলার উন্নয়ন কাজে সহযোগিতার করার আশ্বাস দেন।

এ সময় জীবননগর প্রেসক্লাবের সভাপতি এম, আর বাবু সাধারণ সম্পাদক কাজী শামসুজ্জামান চঞ্চল, সাংবাদিক সমিতির সভাপতি জাহিদ বাবু বক্তব্য রাখেন, আরো বক্তব্য রাখেন সাংবাদিক সালাউদ্দিন কাজল, জহিরুল ইসলাম, হাকিমুল ইসলাম, চাষি রমজান, মুতাছিন বিল্লাহ এবং দৈনিক মেহেরপুর প্রতিদিনের জীবননগর বুরো প্রধান মাজেদুল মিল্টন প্রমুখ।

গাংনীর ভাটপাড়া ডিসি ইকোপার্ক পরিদর্শনে উপজেলা নির্বাহী অফিসার

গাংনী উপজেলার ভাটপাড়া নীলকুঠিতে নির্মীত জেলা প্রশাসক ইকোপার্কের উন্নয়নে পার্ক পরিদর্শন করেছেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতু। মঙ্গলবার সকাল দশটার দিকে

পার্ক পরিদর্শন করেন তিনি।

এসময় উপস্থিত ছিলেন গাংনী উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা নিরঞ্জন চক্রবর্তী, ব্রিটিশ আমেরিকান টোব্যাকোর মেহেরপুরের ব্যবস্থাপক এসএম কামাল,পার্ক ব্যবস্থাপনা কমিটির সদস্য সাংবাদিক ও মেহেরপুর জেলা প্রেসক্লাবের যুগ্ম সম্পাদক আকতারুজ্জামনসহ পার্কের ব্যবসায়ীবৃন্দ।

পার্কের সীমানা প্রচীরের অভ্যন্তরে সৌন্দর্য বর্ধন ও দৃষ্টি নন্দনের জন্য বিভিন্ন প্রজাতির ফলজ,বনজ ও ঔষধি গাছ রোপনের সিদ্ধান্ত নেয়া হয়। এছাড়াও পার্কটি পর্যটকদের কাছে আকর্শনীয় করতে উন্নয়ন বিষয়ে আলোচনা করা হয়। পার্কের অভ্যন্তরে বিভিন্ন স্থাপনা ঘুরে দেখেন উপজেলা নির্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতু।

গাংনীর বিভিন্ন পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন উপজেলা নির্বাহী অফিসার

মেহেরপুরসহ সারাদেশে একযোগে চলতি বছরের এসএসসি ও সমমানের পরীক্ষা শুরু হয়েছে আজ রবিবার থেকে। জেলায় এবার ১৫০টি শিক্ষাপ্রতিষ্ঠানের ৮ হাজার ৯০৯ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশ নিয়েছে।

মেহেরপুর জেলা শিক্ষা অফিসের তথ্যমতে, জেলার ৩টি উপজেলায় জেনারেলের শাখার জন্য ১৩টি কারিগরি (ভোকাশোনাল) শাখার জন্য ৪টি এবং মাদ্রাসা শাখার জন্য ২টি কেন্দ্র নির্ধারণ করা হয়েছে।

নির্ধারীত সময়ে পরীক্ষা শুরু হওয়ার পর মেহেরপুরের গাংনী উপজেলা নির্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতু উপজেলার বিভিন্ন পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন।

এসএসসি ও সমমানের পরীক্ষা কেন্দ্র পরিদর্শনের সময় গাংনী উপজেলা নির্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতু বলেন, সকাল থেকে আমি

বিভিন্ন কেন্দ্র পরিদর্শন করে দেখছি। এর আগে গত দুইদিনও আমি পরিদর্শন করে দেখেছি ছোট ছোট যে সমস্যাগুলো ছিলো সেগুলো সমাধানে কিছু নির্দেশ দেওয়া ছিলো; আজকে আমি দেখলাম সেগুলো মোটামুটি ভালো রয়েছে। যতগুলো এখন পর্যন্ত দেখেছি সবগুলো কেন্দ্রে পরিস্থিতি স্বাভাবিক ও সুন্দর মনে হয়েছে। আশাকরি সামনের দিনগুলোতেও এই ধরনের শান্তিপূর্ণ অবস্থা বিরাজ করবে।

নকলমুক্ত, সুষ্ঠু ও শান্তিপূর্ণ পরিবেশে পরীক্ষা সমাপ্ত করার লক্ষ্য জেলার তিন উপজেলায় তিনটি ভিজিলেন্স টিম গঠন করা হয়েছে। মেহেরপুর জেলা ম্যাজিষ্ট্রেট মোহাম্মদ আজিজুল ইসলাম পরীক্ষা কেন্দ্র গুলোর আশেপাশে ১৪৪ ধারা জারি করেছেন এবং এক মাস সব কোচিং সেন্টার বন্ধ ঘোষণা করেছেন।

জীবননগর নবাগত উপজেলা নির্বাহী অফিসার রোকুনুজ্জামানকে সংবর্ধনা

জীবননগর উপজেলা নির্বাহী অফিসার মো.রোকুনুজ্জামানকে সংবধনা প্রদান করা হয়েছে। আজ বৃহস্পতিবার সকাল ১০টার সময় জীবনগর উপজেলা লোকমোচার আয়োজনে উথলী মাধ্যমিক বালিকা বিদ্যালয় সভাকক্ষে উপজেলা ও জেলা লোকমোর্চার বাৎসরিক কর্ম পরিকল্পনা প্রণয়ন বিষয়ক কর্মশালা অনুষ্ঠানে এ সংবধনা প্রদান করা হয়।

জীবননগর উপজেলা লোকমোচার সভাপতি ও উথলী ইউপি চেয়ারম্যান আবুল কালাম আজাদের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জীবননগর উপজেলা নির্বাহী অফিসার মো.রোকুনুজ্জামান ।

এসময় উপস্থিত ছিলেন জেলা লোকমোর্চার সভাপতি এড.বেলাল হোসেন,সাধারণ সম্পাদক দৈনিক প্রথম আলো পত্রিকার জেলা প্রতিনিধি শাহ আলম সনি,জীবননগর উপজেলা লোকমোর্চার সাধারণ সম্পাদক ও থানা আওয়ামীলীগের সাধারন সম্পাদক আবু মোঃ আব্দুল লতিফ অমল,জীবননগর উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান আয়েশা সুলতানা লাকী,উপজেলা

লোকমোর্চার সহসভাপতি সাংবাদিক সালাউদ্দীন কাজল,সাইদুর রহমান,আকিমুল ইসলাম,মাই টিভির মিঠুন মাহমুদ,এ আর ডাবলু ওয়েব ফাউন্ডেশনের সিনিয়র সমন্বয়কারী কামরুজ্জামান যুদ্ধ।

উক্ত অনুষ্ঠানটি সাবিক পরিচালনা করেন জীবননগর উপজেলা লোকমোর্চার সমন্বয়কারী আব্দুল আলীম সজল ।